# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭০৩]

পর্ব-৮: মসজিদ (كِتَابُ الْمَسَاجِدِ)

পরিচ্ছেদঃ ১২: কবরের জায়গা সমান করে মসজিদ বানানো

## نبش القبور واتخاذ أرضها مسجدا

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى، قال: حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، عَنْ أَبِي التَّيَّاحِ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قال: لَمَّا قَدِمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَزَلَ فِي عُرْضِ الْمَدِينَةِ فِي حَيٍّ يُقَالُ لَهُمْ: بَنُو عَمْرِو بْنِ عَوْفٍ، فَأَقَامَ فِيهِمْ أَرْبَعَ عَشْرَةَ لَيْلَةً ثُمَّ أَرْسَلَ إِلَى مَلَإٍ مِنْ بَنِي النَّجَّارِ فَجَاءُوا مُتَقَلِّدِي سُيُوفِهِمْ، كَأَنِّي أَنْظُرُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى رَاحِلَتِهِ وَأَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ رَدِيفَهُ وَمَلَأٌ مِنْ بَنِي النَّجَّارِ حَوْلَهُ حَتَّى أَلْقَى بِفِنَاءِ أَبِي أَيُّوبَ، وَكَانَ يُصَلِّي حَيْثُ أَدْرَكَتْهُ الصَّلَاةُ فَيُصَلِّي فِي مَرَابِضِ الْغَنَمِ، ثُمَّ أَمَرَ بِالْمَسْجِدِ، فَأَرْسَلَ إِلَى مَلَإٍ مِنْ بَنِي النَّجَّارِ فَجَاءُوا، فَقَالَ: يَا بَنِي النَّجَّارِ، ثَامِنُونِي بِحَائِطِكُمْ هَذَا، قَالُوا: وَاللَّهِ لَا نَطْلُبُ ثَمَنَهُ إِلَّا إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ، قَالَ أَنَسٌ: وَكَانَتْ فِيهِ قُبُورُ الْمُشْرِكِينَ وَكَانَتْ فِيهِ خَرِبٌ وَكَانَ فِيهِ نَخْلٌ فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقُبُورِ الْمُشْرِكِينَ فَنُبِشَتْ وَبِالنَّخْلِ فَقُطِعَتْ وَبِالْخَرِبِ فَسُوِّيَتْ فَصَفُّوا النَّخْلَ قِبْلَةَ الْمَسْجِدِ وَجَعَلُوا عِضَادَتَيْهِ الْحِجَارَةَ وَجَعَلُوا يَنْقُلُونَ الصَّخْرَ وَهُمْ يَرْتَجِزُونَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَهُمْ وَهُمْ، يَقُولُونَ: اللَّهُمَّ لَا خَيْرَ إِلَّا خَيْرُ الْآخِرَةِ فَانْصُرْ الْأَنْصَارَ وَالْمُهَاجِرَةَ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الصلاة ۴۸ (۴۲۸)، فضائل المدينة ۱ (۱۸۶۸)، فضائل الأنصار ۴۶ (۳۹۳۲)، صحيح مسلم/المساجد ۱ (۵۲۴)، سنن ابى داود/الصلاة ۱۲ (۴۵۳، ۴۵۴)، سنن ابن ماجہ/المساجد ۳ (۷۴۲)، (تحفة الأشراف: ۱۶۹۱)، مسند احمد ۳/۱۱۸، ۱۲۳، ۱۸۰، ۲۱۱، ۲۱۲، ۲۴۴ (صحيح)

# صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 703 ـ صحيح

বাংলা

৭০২. ইমরান ইবনু মূসা (রহ.) ..... আনাস ইবনু মলিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) যখন মদীনায় আসলেন তখন তিনি মদীনার এক পাশে বানু আমর ইবনু আওফ নামক এক গোত্রে নামলেন। তিনি তথায় চৌদ্দ দিন অবস্থান করেন। তারপর তিনি বানু নাজ্জারের লোকেদের নিকট সংবাদ পাথালে তাদের নেতৃস্থানীয় লোকেরা তাদের গলায় তলোয়ার ঝুলিয়ে এলো। রাবী বলেন, আমি যেন এখনো রাসূলুল্লাহ (সা.)-কে তার বাহনের উপর এবং আবূ বকর (রাঃ)-কে তাঁর বাহনের পিছনে দেখতে পাচ্ছি।
আর বানূ নাজ্জারের নেতারা তার চারদিকে চলতে থাকলো। অবশেষে তিনি আবু আইয়ুব (রাঃ)-এর ঘরের সম্মুখে নামলেন। তিনি সালাতের সময় যেখানেই থাকতেন সেখানেই সালাত আদায় করতেন। তারপর তাকে মসজিদ তৈরি করার আদেশ দেয়া হলে তিনি নাজ্জার গোত্রের নেতৃস্থানীয় লোকেদের কাছে লোক পাঠালেন। তারা আগমন করলে তিনি বললেন, হে বানূ নাজ্জার-এর লোক সকল! তোমরা তোমাদের এ বাগানটি আমার কাছে বিক্রয় কর। তারা বলল, আল্লাহর কসম! আমরা এর মূল্য গ্রহণ করব না। এর মূল্য আমরা একমাত্র আল্লাহ তা'আলার কাছে চাইব। আনাস (রাঃ) বলেন, তথায় মুশরিকদের কবর, ভাঙ্গা গৃহ এবং খেজুর গাছ ছিল। রাসূলুল্লাহ (সা.) আদেশ করলে মুশরিকদের কবরের লাশ (হাড়) স্থানান্তর করা হল আর খেজুর গাছ কেটে ফেলা হল এবং ভাঙ্গা ঘরগুলো ভেঙ্গে সমান করে দেয়া হলো। সাহাবীগণ খেজুর গাছগুলো কা'বার দিকে সারিবদ্ধ করে রাখলেন এবং পাথর স্থাপন করে দরজার চৌকাঠ নির্মাণ করলেন এবং শিলা খণ্ডগুলোকে সরাতে লাগলেন। তারা কাজের উদ্দীপনার (বৃদ্ধির) জন্যে কবিতা আবৃত্তি করছিলেন। রাসূলুল্লাহ (সা.) ও তাদের সাথে ছিলেন তারা বলতে লাগলো, “হে আল্লাহ! আখিরাতের কল্যাণই প্রকৃত কল্যাণ, আপনি আনসার ও মুহাজিরদেরকে সাহায্য করুন।

## English

12. Digging Up Graves And Using The Land As A Masjid

It was narrated that Anas bin Malik said: When the Messenger of Allah (ﷺ) came to Al-Madinah, he alighted in the upper part of Al-Madinah among the tribe called Banu 'Amr bin 'Awf and he stayed with them for fourteen nights. Then he sent for the chiefs of Banu An-Najjar, and they came with their swords by their sides. It is as if I can see the Messenger of Allah (ﷺ) on his she-camel with Abu Bakr riding behind him (on the same camel) and the chiefs of Banu An-Najjar around him, until he dismounted in the courtyard of Abu Ayyub. The Prophet (ﷺ) used to offer the prayer wherever he was when the time for prayer came, and he would pray even in sheepfolds. Then he ordered that the Masjid be built. He sent for the chiefs of Banu An-Najjar, and when they came, he said: 'O Banu An-Najjar, name me a price for this grove of yours.' They said: 'By Allah, we will not ask for its price except from

Allah.' Anas said: In (that grove) there were graves of idolators, ruins and date-palm trees. The Messenger of Allah (ﷺ) ordered that the graves of the idolators be dug up, the ruins be leveled and the date-palm trees be cut down. The trunks of the trees were arranged so as to form the walls facing the Qiblah. The stone pillars were built at the sides of its gate. They started to move the stones, reciting some lines of verse, and the Messenger of Allah (ﷺ) was with them when they were saying: 'O Allah! There is no good except the good of the Hereafter. So bestow victory on the Ansar and the Muhajirin.'

### ফুটনোট

সহীহ: বুখারী ৪২৮, ৩৯৩২; মুসলিম ৫২৪, সহীহ আবু দাউদ ৪৭৭-৪৭৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87076

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন